



বাংলাদেশ ধানগবেষণা ইনস্টিটিউট

Bangladesh Rice Research Institute, Gazipur-1701

Telephone: PABX: 880-2-9294117-21, 9264118, 9264127, 9264165, 9264154, 9264184

E-mail: brrihq@yahoo.com, dg@brri.gov.bd, Website: www.brri.gov.bd

পত্র নং-সি-৪১৩ (II)/১৬/১১৭

তারিখঃ ০৯-০৭-২০১৭

বিষয়ঃ ০৭/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময় : ০৬/০৭/২০১৭, সকাল-১০.০০ ঘটিকা
স্থান : ব্রি সভাকক্ষ
সভাপতি : ড. মোঃ শাহজাহান কবীর, পরিচালক (প্রশাসন ও সা. পরি) ও চিফ ইনোভেশন অফিসার, ব্রি।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে ব্রি'র ইনোভেশন টিমের আহ্বায়ক ও চিফ ইনোভেশন অফিসার, পরিচালক (প্রশাসন ও সা. পরি) ড. মোঃ শাহজাহান কবীর সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। এসময় ব্রি'র ওয়েবসাইট হালনাগাদসহ ব্রি'র চলমান ইনোভেশন তথা উদ্ভাবন সংক্রান্ত সকল কর্মকান্ডের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ১: মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ব্রিতে ‘নাগরিক সেবায় উদ্ভাবন’ বিষয়ক ০২ (দুই) দিনের দ্বিতীয় প্রশিক্ষণ কর্মশালা জুলাই/২০১৭ এর মধ্যে আয়োজন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তার জন্য কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের ‘রিসোর্স পার্সনস’ পুল এর সঙ্গে যোগাযোগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ২: বার্ষিক কর্মপরিকল্পনা-২০১৭ কমপক্ষে ০২ (দুই)টি উদ্ভাবনী আইডিয়া/ধারণার পাইলটিং, শোকেসিং ও রেপ্লিকেটিং করার অংশ হিসেবে ব্রি'র মোবাইল অ্যাপস “রাইস নলেজ ব্যাংক” (আরকেবি) ও “Blast Disease forecasting and management” এর উপর প্রতিবেদন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৩: উদ্ভাবনী আইডিয়া/ধারণাগুলো কমপক্ষে ০৪ (চার)টি আঞ্চলিক কার্যালয়ে পাইলটিং ও শোকেসিং করতে হবে। এক্ষেত্রে কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের প্রতিনিধিগণকে পত্র প্রেরণের মাধ্যমে আমন্ত্রণ জানানো ও অবহিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৪: ‘Rice Doctor’ নামক ওয়েব অ্যাপ্লিকেশন, মোবাইল অ্যাপস ও ডায়গনসিস টুলস তৈরি করার নিমিত্তে ০২ (দুই)টি কর্মশালার আয়োজন করতে হবে এবং আমন্ত্রিত সকলকে রাইস ডক্টর সংক্রান্ত তথ্য নিয়ে কর্মশালায় উপস্থিত থাকতে হবে। মোবাইল অ্যাপস তৈরীর কর্মপরিকল্পনা প্রদানের সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ৫: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক মাঠপর্যায়ে তথা ব্রি'র সকল আঞ্চলিক কার্যালয়ে ই-ফাইলিং ব্যবস্থা চালুর নিমিত্তে পর্যায়ক্রমে ই-ফাইল (নথি) সংক্রান্ত প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করতে হবে।


সিদ্ধান্ত ৬: ব্রি'র জনবল নিয়োগ প্রক্রিয়া অনলাইনের মাধ্যমে যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের প্রয়োজনীয় অনুমোদনের জন্য কৃষি পরিসংখ্যান এবং প্রশাসন বিভাগের মাধ্যমে নথি উপস্থাপনপূর্বক পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ৭: “উদ্ভাবন বিষয়ক সফল কার্যক্রম চলমান” পার্শ্ববর্তী এমন দেশসমূহে উদ্ভাবন সংক্রান্ত অভিজ্ঞতা আদান-প্রদানের লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্যগণকে স্বল্প মেয়াদে প্রশিক্ষণের জন্য পার্শ্ববর্তী দেশসমূহে প্রেরণের লক্ষ্যে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা) এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ২। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৩। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৪। এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৫। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
- ৭। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৮। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
- ৯। সংশ্লিষ্ট নথি।



(ড. মোঃ ইসমাইল হোসেন)
পিএসও এবং বিভাগীয় প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
ব্রি-গাজীপুর।